

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

দশম শ্রেণি

ইতিহাস

পূর্ণমান - ২০

১. শূন্যস্থান পূরণ করো :

১×৪=৪

- (ক) 'সোমপ্রকাশ' ছিল একটি _____ পত্রিকা।
(খ) 'বেঙ্গল গেজেট' নামে প্রথম সাপ্তাহিক পত্রিকা প্রকাশ করেন _____।
(গ) মোহনবাগান আই.এফ.এ. শিল্ড জিতেছিল _____ খ্রিস্টাব্দে।
(ঘ) জীবনের ঝরাপাতা হল একটি _____।

২. ঠিক-ভুল নির্ণয় করো :

১×৪=৪

- (ক) ভারতের ঔপনিবেশিক অরণ্য আইন প্রধানত সাংস্কৃতিক ইতিহাসচর্চার বিষয়।
(খ) সরকারি প্রতিবেদন গুরুত্বপূর্ণ ঐতিহাসিক তথ্য সরবরাহ করে।
(গ) সরকারি গুরুত্বপূর্ণ নথিপত্র মহাফেজখানায় সংরক্ষিত থাকে।
(ঘ) সামাজিক ইতিহাস সামাজিক কাঠামো ও বিভিন্ন শ্রেণির মধ্যে পারস্পরিক সম্পর্কের উপর জোর দেয়।

৩. স্তম্ভ মেলাও :

১×৪=৪

ক স্তম্ভ	খ স্তম্ভ
সোমপ্রকাশ	রবীন্দ্রনাথ ঠাকুর
বঙ্গদর্শন	বিপিনচন্দ্র পাল
সত্তর বৎসর	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
জীবনস্মৃতি	দ্বারকানাথ বিদ্যাভূষণ

৪. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :

২×৪=৮

- (ক) সংবাদপত্র ও সাময়িকপত্রের মধ্যে পার্থক্য কী?
(খ) স্থানীয় ইতিহাস চর্চার গুরুত্ব কী?
(গ) ইন্দিরাকে চিঠি লেখার উদ্দেশ্য কী ছিল নেহরুর?
(ঘ) ফটোগ্রাফ কীভাবে আধুনিক ভারতের ইতিহাসচর্চার উপাদান হিসেবে ব্যবহৃত হয়?